

# হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ে বিশ্ব ভেটেরিনারি দিবস উদযাপন

নিজস্ব সংবাদদাতা, হবিগঞ্জ

প্রকাশিত: ২২:৩৩, ২৬ এপ্রিল ২০২৫



হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ে বিশ্ব ভেটেরিনারি দিবস ২০২৫ উদযাপিত হয়েছে। শনিবার (২৬ এপ্রিল) হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভেটেরিনারি মেডিসিন ও অ্যানিমেল সায়েন্স অনুষদের আয়োজনে দিনব্যাপী বিভিন্ন কার্যক্রম অনুষ্ঠিত হয়। সকাল সাড়ে ৯ টায় অনুষ্ঠানের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ সায়েম উদ্দিন আহম্মদ।



এরপর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হয় বর্ণাঢ্য শোভাযাত্রা। সকাল সাড়ে ১০ টায় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন-১ এ প্রাণিস্বাস্থ্য রক্ষা করে দলবদ্ধ প্রচেষ্টা প্রতিপাদ্য নিয়ে সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ সায়েম উদ্দিন আহম্মদ এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হবিগঞ্জের জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ড. মো. আব্দুল কাদের।



অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের মেডিসিন বিভাগের অধ্যাপক ও গবেষক ড. মো. মুক্তার হোসেন। উক্ত সেমিনারে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের এনাটমি এন্ড হিস্টোলজি বিভাগের প্রভাষক ডা. সালাউদ্দিন ইউছুপ। অনুষ্ঠানে উপস্থাপিত হয় প্রাঞ্জল আলোচনা, শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণ এবং সমাপ্তি হয় ভেট নাইট এর মাধ্যমে। যেখানে সাংস্কৃতিক পরিবেশনার মধ্য দিয়ে ফুটে উঠে ঐক্য, প্রতিভা ও প্রাণবন্ততা। সেমিনারে বক্তারা বলেন, এই দিবসটি প্রাণিস্বাস্থ্য, জনস্বাস্থ্য এবং টেকসই উন্নয়নে দলগত প্রচেষ্টার অপরিহার্যতা তুলে ধরবে।